নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৯-৪১২

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৬ / ২৬ মে ২০১৯

**বিষয়: ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠান**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ৮টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন (সংলগ্নী-১) অনুষ্ঠানের লক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন নিম্নরূপ নির্দেশনা প্রদান করেছেন:

২। **নির্বাচনি সময়সূচি :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক নিম্নরূপ সময়সূচি অনুসারে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১২ জুন ২০১৯ / ২৯ জ্যৈষ্ঠ ১৪২৬ | (বুধবার ) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৪ জুন ২০১৯ / ৩১ জ্যৈষ্ঠ ১৪২৬ | (শুক্রবার ) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২১ জুন ২০১৯ / ৭ আষাঢ় ১৪২৬ | (শুক্রবার ) |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | **০৮ জুলাই ২০১৯ / ২৪ আষাঢ় ১৪২৬** | **(সোমবার)** |

৩। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম :** উল্লিখিত সময়সূচি অনুযায়ী বিধি ১৫ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের শেষ তারিখ **১৭ জুন ২০১৯** এবং দায়েরকৃত আপিল **২০ জুন ২০১৯** তারিখের মধ্যে নিষ্পত্তি করতে হবে। তাছাড়া প্রার্থিতা প্রত্যাহারের জন্য শেষ তারিখ **২১ জুন ২০১৯** এবং এর পরের দিন অর্থাৎ **২২ জুন ২০১৯ তারিখে প্রতীক বরাদ্দের** কার্যক্রম সম্পন্ন করতে হবে। মনোনয়ন ও প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম উল্লিখিত সময়সূচির সাথে সমন্বয় করে সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, স্থগিত ইউনিয়নের নির্বাচনের ক্ষেত্রে নতুন করে সময়সূচি ঘোষণা করে নির্বাচন অনুষ্ঠান করতে হবে। তবে ইতোপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবে না এবং পূর্বে মনোনয়নপত্র দাখিলকারীগণকে নতুনভাবে মনোনয়নপত্র দাখিলেরও সুযোগ দেয়া যাবে।

৪। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা :** উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণের দিনসমূহ প্রতীক বরাদ্দসহ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, জেলা কর্মকর্তার অফিস ও উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে **সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি.** পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। **প্রার্থী মনোনয়নের জন্য নিবন্ধিত রাজনৈতিক দলকে অবহিতকরণ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর বিধান এবং বিধিমালার বিধি ১২ এর উপবিধি (৩) এর দফা (গ) এর উপদফা (ঈ) অনুসারে চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক প্রার্থী মনোনয়নের সুবিধার্থে সময়সূচির বিজ্ঞপ্তি প্রচারের পর পর নিবন্ধিত সকল রাজনৈতিক দলকে অবহিত করতে হবে।

৬। **প্রতীক বরাদ্দের প্রত্যয়ন :** সর্বশেষ সংশোধিত বিধিমালা অনুসারে রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দ করতে হবে। প্রতীক বরাদ্দের পর সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এবং জেলা নির্বাচন অফিসারকে তা যাচাই করে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭
যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৮। **অন্যান্য নির্দেশনা :**

(ক) ইভিএম প্রকল্পের মতামত অনুসারে সুবিধাজনক ইউনিয়নে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ করা হবে এবং ভোটগ্রহণের সময় সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. পর্যন্ত নির্ধারণ করতে হবে;

(খ) ব্যালটের মাধ্যমে নির্বাচন হলেও গ্রীষ্মকালীন সময়ে (জুন-অক্টোবর সময়ে) ভোটগ্রহণের সময় সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. পর্যন্ত নির্ধারণ করতে হবে;

(গ) আইন, বিধি এবং ইতঃপূর্বে জারিকৃত পরিপত্র ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

৯। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসারে সংলগ্নী-১ এ উল্লিখিত ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

সংলগ্নী: উপরে বর্ণিত


মোঃ আতিয়ার রহমান
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail:sasemc1@gmail.com


১। জেলা প্রশাসক, ........................................ (সংশ্লিষ্ট)
২। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, ........................... (সংশ্লিষ্ট)
৩। উপজেলা নির্বাহী অফিসার,......................... (সংশ্লিষ্ট)
৪। উপজেলা নির্বাচন অফিসার, ....................... (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৯-৪১২

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৬ / ২৬ মে ২০১৯

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. সচিব, .............................................................(সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ............................................... (সংশ্লিষ্ট)
৯. উপ মহাপুলিশ পরিদর্শক, ..........................................(সংশ্লিষ্ট)
১০. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১২. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৩. পুলিশ সুপার, ...........................................................(সংশ্লিষ্ট)
১৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..........................................(সংশ্লিষ্ট)
১৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .................................................. এর একান্ত সচিব (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮. প্রোগ্রামার (সংশ্লিষ্ট), সিনিয়র সহকারী সচিব/সহকারী ..........................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ................................................(সংশ্লিষ্ট)
২০. ..........................................................................................রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ............................................................. (সংশ্লিষ্ট থানা)।

২৬/৫/১৯

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২

## ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনের বিবরণী

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | পটুয়াখালী | পটুয়াখালী সদর | কমলাপুর | সাধারণ নির্বাচন | পুর্নগঠিত |
| ২. | | | ভুরিয়া | সাধারণ নির্বাচন | নবগঠিত |
| ৩. | ময়মনসিংহ | ময়মনসিংহ সদর | খাগডহর | সাধারণ নির্বাচন | সীমানা নির্ধারণ ও ভোটার তালিকা বিন্যাস সমাপ্ত হওয়ায় বর্তমানে নির্বাচন উপযোগী |
| ৪. | | | চর ঈশ্বরদিয়া | সাধারণ নির্বাচন | |
| ৫. | | | চর নিলক্ষিয়া | সাধারণ নির্বাচন | |
| ৬. | | | দাপুনিয়া | সাধারণ নির্বাচন | |
| ৭. | | | ভাবখালী | সাধারণ নির্বাচন | |
| ৮. | | | সিরতা | সাধারণ নির্বাচন | |

২৮/৫/১৯

মোহাম্মদ আশফাকুর রহমান
সহকারী সচিব
নির্বাচন কমিশন সচিবালয়